দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ...

NOV. 13 2002

# ঈদের আগেই শিক্ষক ও গার্মেন্টিস শ্রমিকদের উৎসব বোনাস দাবি

**জনকণ্ঠ রিপোর্ট** ॥ ঈদের আগে শিক্ষক ও গার্মেন্টিস শ্রমিকদের উৎসব বোনাস দেয়ার জন্য বাংলাদেশ শিক্ষক সমিতি ও জাতীয় গার্মেন্টিস শ্রমিক ফেডারেশন দাবি জানিয়েছে। দু'টি সংগঠন পৃথক পৃথকভাবে এ দাবি জানায়।

সোমবার ঢাকায় জাতীয় গার্মেন্টিস শ্রমিক ফেডারেশনের এক সাংবাদিক সম্মেলনে বলা হয়, অধিকাংশ গার্মেন্টিস মালিক শ্রমিকদের ঈদ বোনাস দেন না। কিছু কিছু মালিক ঈদ বোনাস দিলেও পরিমাণে অর্ধেক অথবা নামমাত্র। এ বছর গার্মেন্টিসশিল্পের সঙ্কটের দোহাই দিয়ে ইতোমধ্যে অনেক মালিক শ্রমিকদের বেতন-ভাতা নিয়ে টালবাহানা শুরু করেছে। ফেডারেশন আশঙ্কা প্রকাশ করেছে, একই অজুহাতে অধিকাংশ গার্মেন্টিস মালিক শ্রমিকদের ঈদ বোনাস থেকে বঞ্চিত করবে। ফেডারেশন শ্রমিকদের ঈদ বোনাস দেয়ার জন্য বিজিএমইএ ও গার্মেন্টিস মালিকদের প্রতি দাবি জানায়।

## আবার শিক্ষক আন্দোলন

৫ নবেম্বর বরিশালে বাংলাদেশ শিক্ষক সমিতির বিভাগীয় সম্মেলনে ঈদের আগেই উৎসব বোনাস দেয়ার দাবি জানানো হয়। স্থানীয় অশ্বিনী কুমার হলে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মুজিবর রহমান সারোয়ার। সম্মেলনে সমিতির সভাপতি কাজী আব্দুর রাজ্জাক বিশেষ অতিথি ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়া প্রধান বক্তা ছিলেন। সেলিম ভুঁইয়া বলেন, শিক্ষক ও শিক্ষাস্বার্থবিরোধী নয় দফা বাতিল না হলে এবং বর্তমান সরকারও আওয়ামী লীগের মতো শিক্ষকদের দাবি পূরণে টালবাহানা করলে আবার শিক্ষক আন্দোলন ডাকা হবে।